নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৭৮ ২৫ সেপ্টেম্বর ২০২৫

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

## নোবিপ্রবিতে ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে ২০২৫ পালিত হয়েছে। আজ বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের আয়োজনে 'থিংক হেল্থ, থিংক ফার্মাসিস্ট' প্রতিপাদ্যকে সামনে রেখে দিবসটি পালিত হয়। দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে ছিলো বর্ণাঢ্য র‍্যালি, কেক কাটা এবং সংক্ষিপ্ত আলোচনা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

ফার্মেসি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আ ফ ম শহীদ-উদ-দৌলার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ (মুরাদ)।

অনুষ্ঠানের শুরুতে বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি প্রশাসনিক ভবনের সামনে থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আরম্ভস্থলে এসে শেষ হয়। শেষে কেক কাটা এবং সংক্ষিপ্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবিসহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে ফার্মেসি বিভাগের যে গ্র্যাজুয়েটরা বের হচ্ছেন তারাই আগামীদিনে বাংলাদেশের ওষুধ শিল্পে নেতৃত্ব দেবেন। আমি বিশ্বাস করি আমাদের তরুণ গ্র্যাজুয়েটরা স্বাস্থ্য সেক্টরে যে সমস্যগুলো রয়েছে, তার সমাধানে অবদান রাখবেন। মনে রাখতে হবে মানুষের স্বাস্থ্য এবং জীবন এ বিষয়গুলো ফার্মাসিস্ট এবং ডাক্তারের মতামতের সঙ্গে জড়িত। এ সময় উপাচার্য ওষুধ এবং অ্যান্টিবায়োটিক ব্যবহারের ক্ষেত্রে সচেতনতা সৃষ্টিতে ফার্মাসিস্টদের কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে ফার্মেসি বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪